গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

### ঢাকা, বৃহস্পতিবার ৩ সেপ্টেম্বর ২০১৫, ১৯ ভাদ্র ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রতিবন্ধীরাও যে কোনো চ্যালেঞ্জ মোকাবিলা করতে পারে : প্রধানমন্ত্রী

২। বঙ্গবন্ধুর খুনিদের ফেরত আনতে আমেরিকা, কানাডা ও পাকিস্তানের সহযোগিতা পাওয়া যাচ্ছে না : প্রধানমন্ত্রী

৩। বহির্বিশ্বে স্বার্থান্বেষী মহলের নেতিবাচক প্রচারণা সত্ত্বেও পোশাক শিল্পে প্রবৃদ্ধি : শিল্পমন্ত্রী

৪। ক্রমেই দেশে কৃষি জমি হ্রাস পাচ্ছে : কৃষিমন্ত্রী

৫। পাঠ্যবই ছাপার অচলাবস্থা কেটে গেছে : শিক্ষামন্ত্রী

৬। ভুয়া মুক্তিযোদ্ধাদের কাছ থেকে রাষ্ট্রীয় সুবিধা ফেরত নেওয়া হবে : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী

৭। বিচারকদের একার পক্ষে আইনের শাসন প্রতিষ্ঠা সম্ভব নয় : প্রধান বিচারপতি

৮। ৫৭ ধারার বৈধতা চ্যালেঞ্জ করা রিট খারিজ

৯। রাজধানীতে জলাবদ্ধতা নিয়ন্ত্রণে কাজে আসছে না কোনো পদক্ষেপ

১০। রাজধানীতে গণপরিবহণে ভাড়া নিয়ে চলছে নৈরাজ্য

চলমান পাতা/২

১। প্রতিবন্ধীরাও যে কোনো চ্যালেঞ্জ মোকাবিলা করতে পারে : প্রধানমন্ত্রী

প্রতিবন্ধী ব্যক্তিদের অবহেলা না করতে দেশবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। একই সঙ্গে বৈষম্যমুক্ত সমাজ গড়তে তাদের জীবনমান উন্নয়নে তাঁর সরকার অঙ্গীকারবদ্ধ বলেও জানান তিনি। প্রধানমন্ত্রী বলেন, আমি শিক্ষক ও অভিভাবকসহ সর্বস্তরের মানুষকে অনুরোধ করছি, যদি কারো ছেলে বা মেয়ে প্রতিবন্ধী হয় তবে তাকে অবহেলা করবেন না। গতকাল ২ সেপ্টেম্বর বুধবার মিরপুর শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে শারীরিক প্রতিবন্ধীদের জন্য আইসিআরসি টুয়েন্টি২০ ইন্টারন্যাশনাল ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধনকালে এসব কথা বলেন প্রধানমন্ত্রী। সূত্র-ভোরের কাগজ (শেষ পৃ.,ক.২), ইত্তেফাক (পৃ.১১,ক.৫), ডেইলি স্টার (পৃ.১৫,ক.৭), নিউ এজ (শেষ পৃ.,ক.৬)।

২। বঙ্গবন্ধুর খুনিদের ফেরত আনতে আমেরিকা, কানাডা ও পাকিস্তানের সহযোগিতা পাওয়া যাচ্ছে না : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের খুনিদের ফেরত আনতে আমেরিকা, কানাডা ও পাকিস্তানের সহযোগিতা পাওয়া যাচ্ছে না। খুনিদের দু'জন আমেরিকায়, একজন কানাডায় এবং কর্নেল রশীদ ও ডালিম পাকিস্তানে আছে। অত্যন্ত দুঃখের বিষয় যে সভ্য দেশ, উন্নত দেশ হয়েও কেন তারা এই খুনিদের তাদের দেশে রেখেছে তা আমার বোধগম্য হয় না। গতকাল ২ সেপ্টেম্বর বুধবার জাতীয় সংসদে এক সম্পূরক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.৫), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.১), নিউ নেশন (শেষ পৃ.,ক.৪)।

৩। বহির্বিশ্বে স্বার্থান্বেষী মহলের নেতিবাচক প্রচারণা সত্ত্বেও পোশাক শিল্পে প্রবৃদ্ধি : শিল্পমন্ত্রী

বহির্বিশ্বে স্বার্থান্বেষী মহলের নেতিবাচক প্রচারণা সত্ত্বেও বাংলাদেশের তৈরি পোশাক শিল্প খাতের প্রবৃদ্ধির ইতিবাচক ধারা অব্যাহত বলে মন্তব্য করেছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। তিনি বলেন, বাংলাদেশের টেক্সটাইল ও গার্মেন্টস শিল্প প্রতিষ্ঠান রপ্তানি প্রবৃদ্ধির ক্ষেত্রে ধারাবাহিক ও দৃঢ় রেকর্ডের অধিকারী। এ ধারা অব্যাহত রাখতে তৈরি পোশাক শিল্প খাতে মূল্য সংযোজন, প্রয়োজনীয় কাঁচামাল ও এক্সেসরিজ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের প্রচেষ্টা চলছে বলে তিনি উল্লেখ করেন। গতকাল ২ সেপ্টেম্বর বুধবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনে কেন্দ্রে চার দিনব্যাপী '১৬তম আন্তর্জাতিক টেক্সটাইল ও পোশাক শিল্প প্রযুক্তি ও যন্ত্রপাতি প্রদর্শনী ২০১৫'র উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে শিল্পমন্ত্রী এ মন্তব্য করেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১৮,ক.২), সমকাল (পৃ.১২,ক.১), ফিনানশিয়াল এক্সপ্রেস বিজনেস (পৃ.১,ক.২)।

৪। ক্রমেই দেশে কৃষি জমি হ্রাস পাচ্ছে : কৃষিমন্ত্রী

কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী বলেন, অকৃষিখাতে বিপুল সংখ্যক জমি ব্যবহারের ফলে ক্রমেই দেশে কৃষি জমি হ্রাস পাচ্ছে। ঢাকা জেলায় এখন কেউ আর কৃষি জমি রাখছে না। উত্তরবঙ্গ কৃষি নির্ভর হলেও সেখানেও ব্যাপক শিল্পায়নের কারণে কৃষি জমি কমে যাচ্ছে। এখন বৃহত্তর বরিশালে কৃষিকে নিয়ে যেতে হচ্ছে। সেখানে লবণাক্ততার বাধা দূর করতে ব্যাপক গবেষণার মাধ্যমে লবণাক্ততা সহিষ্ণু ধান-গমসহ নানা সবজির বীজ উৎপাদন করা হচ্ছে। জাতীয় সংসদে গতকাল ২ সেপ্টেম্বর বুধবার প্রশ্নোত্তর পর্বে সরকারি দলের সংসদ সদস্যের এক সম্পূরক প্রশ্নের জবাবে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.২,ক.১), জনকণ্ঠ (পৃ.১,ক.৪), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৭)।

৫। পাঠ্যবই ছাপার অচলাবস্থা কেটে গেছে : শিক্ষামন্ত্রী

বিশ্বব্যাংক ও মুদ্রণ শিল্প প্রতিষ্ঠানগুলোর মতবিরোধের ফলে প্রাথমিক স্তরের পাঠ্যবই ছাপায় সৃষ্ট অচলাবস্থার অবশেষে অবসান হলো। আন্তর্জাতিক টেন্ডারের এই বই ছাপানোর কাজে আরোপিত শর্ত থেকে বিশ্বব্যাংক সরে আসায় গতকাল ২ সেপ্টেম্বর বুধবার জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) কাছ থেকে 'নো অবজেকশন অ্যাওয়ার্ড' গ্রহণ করেছে। প্রতিষ্ঠানগুলোর প্রতিনিধিরা কার্যাদেশ গ্রহণ করেছেন। ফলে বিশ্বব্যাংকের শর্তের কারণে প্রাথমিকের সাড়ে ১১ কোটি বই ছাপা নিয়ে দীর্ঘ দেড় মাস ধরে চলা সঙ্কটের অবসান হলো। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, সকলেই মানসম্মত বই চায়। তবে তা বিদ্যমান টেন্ডারের শর্তেই নিশ্চিত করা সম্ভব। তাই দুই পক্ষের সঙ্গে আলোচনা করে আমরা মতৈক্যে পৌঁছেছি। পাঠ্যবই ছাপানো নিয়ে যে সঙ্কট তৈরি হয়েছিল তার অবসান হয়েছে। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.১), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৭)।

৬। ভুয়া মুক্তিযোদ্ধাদের কাছ থেকে রাষ্ট্রীয় সুবিধা ফেরত নেওয়া হবে : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী

রাষ্ট্রীয় কোষাগার থেকে ভুয়া মুক্তিযোদ্ধারা যেসব সুযোগ-সুবিধা নিয়েছেন তা ফেরত নেওয়া হবে বলে জানিয়েছেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। গতকাল ২ সেপ্টেম্বর বুধবার জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে সরকারি দলের এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ তথ্য জানান। সূত্র-জনকণ্ঠ (পৃ.২, ক.১), সমকাল (পৃ.২,ক.৬), প্রথম আলো (পৃ.২,ক.২), নিউ এজ (পৃ.২,ক.২)।

৭। বিচারকদের একার পক্ষে আইনের শাসন প্রতিষ্ঠা সম্ভব নয় : প্রধান বিচারপতি

প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা বলেছেন, বিচারকদের একার পক্ষে আইনের শাসন প্রতিষ্ঠা করা সম্ভব

নয়। বিচারকের কাজ হচ্ছে সময় মতো এজলাসে বসা, যত তাড়াতাড়ি সম্ভব মামলা নিস্পত্তি করে রায় দেওয়া, দ্রুত রায়ের সার্টিফাইড কপি দেওয়া। গতকাল ২ সেপ্টেম্বর বুধবার চট্টগ্রাম জেলা বার মিলনায়তনে আইনজীবীদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। প্রধান বিচারপতি আরো বলেন, চট্টগ্রাম, বরিশাল, রাজশাহী ও সিলেটে হাইকোর্টের সার্কিট বেঞ্চ স্থাপনের দাবি জানানো হচ্ছে। সরকার প্রধান এ বিষয়টি গুরুত্বের সঙ্গে দেখার জন্য আমাকে একাধিকবার বলেছেন। চট্টগ্রামে হাইকোর্টের সার্কিট বেঞ্চ স্থাপনের বিষয়টি আমার চিন্তাভাবনার মধ্যে রয়েছে। সূত্র-ভোরের কাগজ (শেষ পৃ.,ক.৬), সমকাল (পৃ.৩,ক.৩), নিউ এজ (পৃ.২,ক.২), নিউ নেশন (শেষ পৃ.,ক.১)।

৮। ৫৭ ধারার বৈধতা চ্যালেঞ্জ করা রিট খারিজ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইনের ৫৭ ধারার বৈধতা চ্যালেঞ্জ করে দায়ের করা রিট আবেদন খারিজ করেছে হাইকোর্ট। জাকির হোসেনের করা ওই রিট আবেদনের ওপর তিনদিন শুনানি শেষে বিচারপতি ফারাহ মাহবুব ও বিচারপতি কাজী মো. ইজারুল হক আকন্দের সমন্বয়ে গঠিত হাইকোর্টের দ্বৈত বেঞ্চ গতকাল ২ সেপ্টেম্বর বুধবার এই আদেশ দেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৬), ভোরের কাগজ (পৃ.১,ক.২), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৪), নিউ এজ (পৃ.৪,ক.৬)।

৯। রাজধানীতে জলাবদ্ধতা নিয়ন্ত্রণে কাজে আসছে না কোনো পদক্ষেপ

ঢাকার সবচেয়ে প্রধান সমস্যা জলাবদ্ধতা নিয়ন্ত্রণে কাজে আসছে না কোনো পদক্ষেপ। বর্ষা মৌসুমে যে কোনো মাত্রার বৃষ্টিতে রাজধানীর সড়ক, অলিগলি এমনকি ফুটপাতও তলিয়ে যাচ্ছে। জমে থাকা পানির জন্য সৃষ্টি হচ্ছে তীব্র যানজট। ভোগান্তিতে পড়ছে সাধারণ মানুষ। বিশেষ করে চলতি বর্ষা মৌসুমে জলাবদ্ধতা ভীষণ ভাবিয়ে তুলেছে ঢাকাবাসীকে। এ ব্যাপারে জলাবদ্ধ এলাকা পরিদর্শনে এসে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র সাঈদ খোকন বলেন, রাজধানীর জলাবদ্ধতা নিরসনের সব ক্ষমতা সিটি কর্পোরেশনের নেই। প্রায় ১৪টি সংস্থা পানি নিষ্কাশন ব্যবস্থার সঙ্গে জড়িত। সব সংস্থাকে নিয়ে একটি সমন্বিত কর্তৃপক্ষ গঠন জরুরি হয়ে পড়েছে। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.৪)। ইত্তেফাক, প্রথম আলো, ডেইলি স্টার, নিউ নেশন এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

১০। রাজধানীতে গণপরিবহণে ভাড়া নিয়ে চলছে নৈরাজ্য

গত ১ সেপ্টেম্বর মঙ্গলবার সিএনজি গ্যাসের দাম প্রতি ঘনমিটারে ৫ টাকা বেড়ে যাওয়ার পর থেকে রাজধানীর পরিবহণগুলোতে ভাড়া নৈরাজ্য শুরু হয়েছে। সড়ক পরিবহণমন্ত্রী এবং পরিবহণ খাতের নেতারা বাড়তি ভাড়া আদায়ের বিরুদ্ধে কড়া হুঁশিয়ারি উচ্চারণ করলেও পরিবহণের মালিক শ্রমিকরা তা মানছেন না। অভিযোগ পাওয়া গেছে, নগরীতে বিশেষ করে সিএনজি চালিত অটোরিকশাগুলো এ অজুহাতে ট্রিপপ্রতি দূরত্ব ভেদে ভাড়া সর্বনিম্ন ২০ টাকা থেকে শুরু করে ২০০ টাকা পর্যন্ত বাড়তি আদায় করছে। অন্যদিকে নগরীর বিভিন্ন রুটের বাসগুলোও বেশি ভাড়া দাবি করছে যাত্রীদের কাছে। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.৭), যুগান্তর (শেষ পৃ.,ক.৮), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.২)। ইনকিলাব এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : বিদেশে বিনিয়োগকারীদের দেশে বিনিয়োগে উৎসাহিত করতে দেশের সার্বিক পরিস্থিতির উন্নয়নের ওপর গুরুত্বারোপ;

খ. ইত্তেফাক : গ্যাস-বিদ্যুতের দাম বাড়ানোয় শিল্প খাতের ওপর নেতিবাচক প্রভাব পড়ার আশঙ্কা প্রকাশ করে দেশের অর্থনীতির জন্য তা হুমকি বলে মন্তব্য;

গ. জনকণ্ঠ : বাংলাদেশ-মিয়ানমার মৈত্রী সড়ক নির্মাণের মাধ্যমে মিয়ানমারের সঙ্গে বাণিজ্য ও রাজনৈতিক সম্পর্কোন্নয়ন জোরদার হবে এই প্রত্যাশা ব্যক্ত;

ঘ. সংবাদ, যুগান্তর, সমকাল, ইনকিলাব, যায়যায়দিন, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, নিউ নেশন, নিউ এজ : প্রবল বৃষ্টিপাতে রাজধানীতে জলজট ও যানজট সৃষ্টি হওয়ার কথা উল্লেখ করে অপরিকল্পিত ও অপর্যাপ্ত ড্রেনেজ ব্যবস্থা ও নগরীর খাল, জলাভূমি এবং পানি নিষ্কাশনের ক্ষেত্রগুলো বেদখল হওয়াই এর অন্যতম কারণ বলে মত প্রকাশ;

ঙ. ইনকিলাব : টেকনাফ সীমান্তের শাহপরীর দ্বীপ একটি বেড়িবাঁধের অভাবে তিন বছরের অব্যাহত ভাঙনে মানচিত্র থেকে হারিয়ে যেতে বসেছে উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ;

চ. ডেইলি স্টার, সংবাদ : নৌ-মন্ত্রণালয় আয়োজিত এক বৈঠকে লঞ্চ মালিকদের দেশব্যাপী চলা লঞ্চের ফিটনেস পরীক্ষা কার্যক্রম বন্ধের জন্য দাবি জানানোকে উদ্বেগজনক উল্লেখ করে যাত্রীদের নিরাপত্তার স্বার্থে লঞ্চ মালিকদের এ অন্যায় আবদার গ্রহণ না করার দাবি;

ছ. ফিনানশিয়াল এক্সপ্রেস : ডেঙ্গু রোগীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ রোগ প্রতিরোধে মশার বংশ বৃদ্ধি রোধে সবাইকে সচেতন হওয়ার আহ্বান;

জ. নিউ নেশন : চট্টগ্রামে এক স্কুলছাত্র পয়ঃনিষ্কাশনের একটি গভীর ড্রেনে ডুবে যাওয়ার সময় পুলিশের একজন কনস্টেবল জীবনের ঝুঁকি নিয়ে উদ্ধার করার ঘটনাটি মানবিকতার এক অনুসরণীয় দৃষ্টান্ত বলে মত প্রকাশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

জনকণ্ঠ পত্রিকায় প্রকাশিত কলামে দেশকে উন্নত দেশের সারিতে নিয়ে যেতে হলে উন্নত প্রাইভেট মেডিকেল শিক্ষা প্রতিষ্ঠান তৈরি করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত ‘দুর্নীতি ও সন্ত্রাসের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে’ শিরোনামের নিবন্ধে এ কে এম শামছুল হক রেনু দেশের জনগণের প্রত্যাশা ও জাতীয় স্বার্থে দুর্নীতি ও সন্ত্রাসের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করার কোনো বিকল্প নেই বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/সাঈদা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা